



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৩১০

তারিখ: ০৬ ডিসেম্বর ২০১৫

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ফরম নিশ্চয়নের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনার্স পাঠদানকারী কলেজসমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদনের সময় আগামী ২০ ডিসেম্বর ২০১৫ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম অনলাইনে পূরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে ২১ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admiss) এর Degree Pass Tab এর Apply Now (Degee Pass) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	০৬/১২/২০১৫ থেকে ২০/১২/২০১৫
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে আবেদন ফরম জমা দেয়ার তারিখ	০৭/১২/২০১৫ থেকে ২১/১২/২০১৫
৩।	প্রাথমিক আবেদনকারীদের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করার তারিখ	০৭/১২/২০১৫ থেকে ২৩/১২/২০১৫
৪।	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Degree Pass) অপশনে ক্লিক করে College Payment অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৭/১২/২০১৫ থেকে ২৮/১২/২০১৫

দৃষ্টি আকর্ষণ

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID, Password বহাল থাকবে এবং One Time Password (OTP) পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বরও বহাল থাকবে। তবে স্নাতক (পাস) পর্যায়ে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য অথবা যাদের ই-মেইল নম্বর পূর্বে প্রদান করা হয়নি তাদের User ID, Password এবং One Time Password (OTP) পেতে মোবাইল নম্বর ও ই-মেইল নম্বরসহ ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাহেরা খানম)

ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৩১০

তারিখ: ০৬ ডিসেম্বর ২০১৫

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪